


জাতীয়

লোডশেডিং নিয়ে যে আভাস দিল পাওয়ার গ্রিড

প্রতিবেদক: নিজস্ব প্রতিবেদক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



দেশে বিদ্যুতের ঘাটতি অব্যাহত রয়েছে। শনিবার সর্বোচ্চ ২ হাজার ৮৯৪ মেগাওয়াট লোডশেডিং হতে পারে। বিকেল ৫টায় লোডশেডিং সর্বোচ্চ পর্যায়ে পৌঁছাতে পারে।

পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি (পিজিসিবি) এর শনিবারের তথ্য বিশ্লেষণ করে এমন চিত্র পাওয়া গেছে।

তথ্য অনুযায়ী, সকাল ১০টায় ১ হাজার ৩ মেগাওয়াট লোডশেডিং হতে পারে। দুপুর ১২টায় তা বেড়ে দাঁড়াতে পারে ১ হাজার ২০৩ মেগাওয়াটে।

বিকেলের দিকে বিদ্যুতের ঘাটতি দ্রুত বাড়তে পারে। দুপুর ২টায় লোডশেডিং হতে পারে ১ হাজার ৪৭১ মেগাওয়াট। বিকেল ৩টায় তা বেড়ে ২ হাজার ৪৮৩ মেগাওয়াটে উঠতে পারে। বিকেল ৪টায় লোডশেডিং হতে পারে ২ হাজার ৫৯৩ মেগাওয়াট।

বিকেল ৫টায় সর্বোচ্চ ২ হাজার ৮৯৪ মেগাওয়াট লোডশেডিংয়ের পূর্বাভাস রয়েছে।

এরপর সন্ধ্যায় কিছুটা কমতে পারে বিদ্যুতের ঘাটতি। সন্ধ্যা ৬টায় লোডশেডিং হতে পারে ২ হাজার ২১৬ মেগাওয়াট। সন্ধ্যা সাড়ে ৬টায় তা কমে ১ হাজার ৫২৮ মেগাওয়াটে নামতে পারে। তবে সন্ধ্যা ৭টায় আবার বেড়ে ২ হাজার ৭৭০ মেগাওয়াট হতে পারে।

রাতেও বিদ্যুতের ঘাটতি বেশি থাকতে পারে। রাত ৮টায় ২ হাজার ৫৫০ মেগাওয়াট এবং রাত ৯টায় ২ হাজার ৭০৩ মেগাওয়াট লোডশেডিংয়ের পূর্বাভাস দেওয়া হয়েছে।

পিজিসিবির তথ্য অনুযায়ী, রাত ৯টায় বিদ্যুতের চাহিদা সর্বোচ্চ হতে পারে। এ সময় চাহিদা ধরা হয়েছে ১৮ হাজার ৭৩০ মেগাওয়াট। বিপরীতে উৎপাদন হতে পারে ১৫ হাজার ৯০০ মেগাওয়াট।

রাত ১০টায় বিদ্যুতের চাহিদা হতে পারে ১৭ হাজার ৯৭০ মেগাওয়াট। এ সময় উৎপাদন হতে পারে ১৫ হাজার ৭০০ মেগাওয়াট। লোডশেডিং হতে পারে ২ হাজার ১৬৮ মেগাওয়াট।

এর আগের কয়েক দিনেও দেশে বড় ধরনের বিদ্যুৎ ঘাটতি দেখা গেছে।

এ বিভাগের আরও খবর



মধ্যরাতে পরপর তিন ভূমিকম্প, কোঁপে উঠল দেশের বিভিন্ন এলাকা
মধ্যরাতে দেশের বিভিন্ন অঞ্চলে ভূকম্পন অনুভূত হয়েছে। শনিবার (৩ অক্টোবর) রাত সোয়া ১২টা থেকে দেড়টার মধ্যে ভারতের ত্রিপুরা ও মিয়ানমারে এসব ভূমিক...



গাজীপুরে পার্মেন্টসে আগুন: আটকেপড়া ৬৯ জনকে অসুস্থ অবস্থায় উদ্ধার
গাজীপুরের ভেঁপির ঢালা এলাকায় একটি তৈরি পোশাক কারখানায় লাগা আগুনে কারখানার ভেতরে আটকেপড়া ৬৯ জনকে অসুস্থ অবস্থায় উদ্ধার করেছে ফায়ার পার্টিস। আ...



হাসিনাকে আশ্রয় দেওয়া ছাড়া ভারতের বিকল্প ছিল না: ভারতীয় হাইকমিশনার
২০২৪ সালের ৫ আগস্ট শেষ হাসিনাকে ভারতে আশ্রয় দেওয়া ছাড়া ভারতের হাতে তেমন কোনো বিকল্প ছিল না বলে মন্তব্য করেছেন ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার...



কঠোর নিরাপত্তায় রূপপুরে পৌঁছাল প্রথম ইউরেনিয়ামের চালান
কঠোর নিরাপত্তার মধ্য দিয়ে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে পৌঁছেছে ইউরেনিয়ামবাহী গাড়িবহর। আজ শনিবার (৩ অক্টোবর) দুপুর সাড়ে ১২টার দিকে গাড়িবহর...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/national/lodsheding-niye-je-abhas-dil-paoyar-grid>